
2:17:39
Slide Browsing
(National Integrity Strategy)



সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে অক্টোবর-ডিসেম্বর, ২০২১ ত্রৈমাসিক সভার (২০২১-২০২২ অর্থবছরের ২য় সভা) কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক |
| তারিখ | : | ২৩ ডিসেম্বর, ২০২১ রোজ বৃহস্পতিবার |
| স্থান | : | কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক' |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির অক্টোবর-ডিসেম্বর, ২০২১ ত্রৈমাসিকের সভা (২০২১-২০২২ অর্থ বছরের ২য় সভা) ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখে প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ উপস্থিত ছিলেন।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ আলোচিত হয় :

(১) সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ২০২১-২০২২ অর্থ বছরের ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।

(২) সভায় অবহিত করা হয় যে, গত ১৮/১১/২০২১ তারিখে সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, চট্টগ্রাম কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে। এ কর্মশালায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা দিকনির্দেশনা ও পরামর্শমূলক বক্তব্য প্রদান করেন। তিনি সকল ক্ষেত্রে নৈতিকতার প্রাধান্য বজায় রাখা, কর্মক্ষেত্রে কারো দ্বারা প্রভাবিত না হওয়া, পরিবেশ বান্ধব ব্যাংক হিসেবে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাইরে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সর্বোপরি স্ব স্ব দায়িত্ব সম্পর্কে সচেতনতার ওপর গুরুত্ব আরোপ করেন।

(৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২' প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

(৪) এ ব্যাংকের ক্রয়-পরিকল্পনা ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করার লক্ষ্যমাত্রা থাকায় নির্ধারিত সময়ে ক্রয় পরিকল্পনা প্রণয়নে করণীয় বিষয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহের প্রধানদের সাথে সভায় আলোচনা করা হয়।

৩.০০: নৈতিকতা কমিটির সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) সোনালী ব্যাংক স্টাফ কলেজসহ প্রধান কার্যালয়ে অক্টোবর-ডিসেম্বর, ২০২১ কোয়ার্টারে কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার কৌশল (এনআইএস) ও APA বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়সমূহের ওপর প্রতি কোয়ার্টারে স্টাফ কলেজে বা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিভিশন কর্তৃক প্রশিক্ষণ অব্যাহত রাখা এবং তা ২০২২ সালের জন্য প্রণীতব্য ট্রেনিং ক্যালেন্ডারের অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

(২) করোনাভাইরাসের নতুন ধরন অমিক্রনের বিস্তার রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণ ও সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়। একইসাথে, কর্ম-পরিবেশ উন্নয়ন করা বিশেষত অফিসে জীবাণুনাশক ছিটানো, নিয়মিত ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, ফায়ার সেফটি নিশ্চিতকরণ, মাস্ক বিতরণ ও হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করার কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত প্রদান করা হয়। কমিটি কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সম্পাদিত কর্মকাণ্ডের অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টারে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করে।

(৩) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে প্রতি কোয়ার্টারে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। অক্টোবর-ডিসেম্বর, ২০২১ কোয়ার্টারে "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে ৩১নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২' প্রদান করার কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করা হয়।

(৫) জিএম অফিসসমূহকে নিয়মিতভাবে ব্যবসায়িক মত বিনিময় সভাসহ সময়ে সময়ে ঘোষিত বিভিন্ন কর্মসূচি / সেবা সপ্তাহ যথাযথভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করা হয়।

(৬) এ ব্যাংকের ক্রয়পরিকল্পনা ক্যালেন্ডার ইয়ার অনুযায়ী প্রণয়ন করা হয় এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী কোয়ার্টারে ২০২২ সালের ক্রয়-পরিকল্পনা ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করার লক্ষ্যমাত্রা থাকায় নির্ধারিত সময়ে ক্রয়পরিকল্পনা প্রণয়ন করার জন্য সংশ্লিষ্ট ডিভিশন প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়।

(৭) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২' প্রদানের কার্যক্রম শুরুর সিদ্ধান্ত প্রদান করা হয়।

৪.০০: সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতাভুক্ত নিম্নোক্ত ৫টি আবশ্যিক কর্মপরিকল্পনা সুষ্ঠু বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ৫টি ডিভিশনের প্রধানকে কার্যক্রম জোরদার করার নির্দেশনা প্রদান করা হয়:

| | | |
|---|---|---|
| ১। জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) | : | ডিজিএম, এইচআরডিডি |
| ২। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন | : | ডিজিএম, ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস আইটি) |
| ৩। সেবা প্রদান প্রতিশ্রুতি | : | ডিজিএম, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন |
| ৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থা | : | ডিজিএম, ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন |
| ৫। তথ্য অধিকার | : | ডিজিএম, পাবলিক রিলেশন্স ডিভিশন |

৫.০০: পরিশেষে, সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে তৎপর হওয়ার আহ্বান জানান এবং সভায় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রধান কার্যালয়স্থ **নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে** ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সভা

(স্থান: প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম)

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আতাউর রহমান প্রধান,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | |
| ২ | জনাব মোহাম্মদ ইদ্রিছ,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য | |
| ৩ | জনাব মোঃ মুরশেদুল কবীর,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর | আমন্ত্রিত | |
| ৪ | জনাব মোঃ মজিবর রহমান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর | আমন্ত্রিত | |
| ৫ | জনাব মোঃ কামরুজ্জামান খান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর | আমন্ত্রিত | ২৩/১২/২১ |
| ৬ | জনাব মোঃ মাহবুবর রহমান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর | আমন্ত্রিত | — |
| ৭ | জনাব সুভাষ চন্দ্র দাস,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 23/12/2021 |
| ৮ | জনাব মোহাম্মদ রেজওয়ান আল বখতিয়ার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO),<br>ইনফরমেশন টেকনোলজি ডিভিশন | সদস্য | Bakhtiar |
| ৯ | জনাব মোঃ সিরাজুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন/<br>ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও<br>ফোকাল পয়েন্ট | 23/12/2021 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রধান কার্যালয়স্থ **নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে** ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সভা

(স্থান: প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম)

| ক্রমিক | **নাম, পদবি ও কর্মস্থল**<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | **কমিটিতে অবস্থান** | **স্বাক্ষর** |
|---|---|---|---|
| ১০ | জনাব মোঃ শওকত জামান,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন | আমন্ত্রিত | [signature] ২৬/১২/২০২১ |
| ১১ | জনাব বীথি আক্তার,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | [signature] ২৬/১২/২০২১ |
| ১২ | জনাব শাহনাজ বেগম,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন | আমন্ত্রিত | [signature] 23.12.2021 |
| ১৩ | জনাব শামীমা নূর,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার, পাবলিক রিলেশনস ডিভিশন | আমন্ত্রিত | [signature] 23.12.2021 |
| ১৪ | জনাব মোঃ আব্দুল হাই মোল্লা,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,<br>বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন | | [signature] ২৬/১২/২০২১ |
| ১৫ | জনাব তুহিন কান্তি হালদার,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | [signature] ২৬/১২/২০২১ |
| ১৬ | জনাব মোঃ মারুফ হায়দার খান,<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন | | [signature] |
| ১৭ | জনাব সেলিম শিকদার,<br>প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | | [signature] 23.12.21 |
| ১৮. | মুহম্মদ ওয়াহিদ মিয়া<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার<br>পাবলিক রিলেশন্স ডিভিশন | | [signature] ২৬/১২/২০২১ |
| 19 | F.M [illegible] P.O<br>PRD, | | [signature] |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রধান কার্যালয়স্থ **নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে** ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সভা

(স্থান: প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম)

| **ক্রমিক** | **নাম, পদবি ও কর্মস্থল**<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | **কমিটিতে অবস্থান** | **স্বাক্ষর** |
|---|---|---|---|
| 20 | Md. Mizanur Rahman<br>SPO, BDD | | [signature] |
| 21 | Md. Nure Alam Ripan<br>Sr. Off. ITD (ITSM) HO | | [signature] |
| 22 | Md. Morodul Islam<br>HRDD | | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |